শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৪০.১৯-৬৪৯

তারিখঃ ২৪ অগ্রহায়ণ ১৪২৬ / ০৯ ডিসেম্বর ২০১৯

বিষয়ঃ রিট পিটিশন নং-১০৪৬০/২০১৯ এর প্রেক্ষিতে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতাকরণসহ গৃহীত কার্যক্রম এ বিভাগকে অবহিতকরণ।

সূত্র: মাননীয় হাইকোর্ট হতে প্রাপ্ত রিট পিটিশন নং-১০৪৬০/২০১৯ এর রুলনিশি।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট মামলার বিবরণ নিম্নরুপ:

| রিট পিটিশন নং | পিটিশনার | রেসপনডেন্টস | মামলা দায়েরের কারণ/বিষয় |
|---|---|---|---|
| ১০৪৬০/২০১৯ | মো: ইসমাইল হোসেন আকন্দ, নিম্নমান সহকারী (ক্লার্ক), কৃষ্ণপুর (মধ্যপাড়া) দাখিল মাদ্রাসা, সাদুল্যাপুর, গাইবান্ধা। | ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ২। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ৩। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল এবং আরো অন্যান্যসহ মোট ০৮ (আট) জন। | গাইবান্ধা জেলার সাদুল্যাপুর উপজেলাধীন কৃষ্ণপুর (মধ্যপাড়া) দাখিল মাদ্রাসার নিম্নমান সহকারী (ইনডেক্স নং-৩৯৭৯৫৭) এর জুলাই/১৯ মাসের এমপিও শীটে নাম, পদবী ও ইনডেক্স নম্বর কর্তনের কারণ বিষয় লিখিতভাবে পাওয়ার জন্য গত ০২.০৯.১১ তারিখে উপপরিচালক, রংপুর অঞ্চল, জেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সাদুল্লাপুর, গাইবান্ধ বরাবর আবেদন করা হয়।<br><br>পরবর্তীতে পিটিশনার কতৃক উক্ত আবেদনটি গত ০৪.০৯.১৯ তারিখে মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর বরাবর প্রেরণ করা হয়।<br><br>উক্ত আবেদনটি নিস্পত্তি না হওযায় জনাব মো: ইসমাইল হোসেন আকন্দ কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১০৪৬০/১৯ মামলা দায়ের করা হয়। |

০২। উল্লেখ্য, উক্ত রিট মামলাটি গত ৩০.০৯.১৯ তারিখে মহমান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক শুনানি শেষে গাইবান্ধা জেলার সাদুল্যাপুর উপজেলাধীন কৃষ্ণপুর (মধ্যপাড়া) দাখিল মাদ্রাসার নিম্নমান সহকারী (ইনডেক্স নং-৩৯৭৯৫৭) এর জুলাই/১৯ মাসের এমপিও শীটে নাম, পদবী ও ইনডেক্স নম্বর কর্তনের কারণ বিষয় লিখিতভাবে কেন জানানো হবে না সেমর্মে কারণ দর্শানোর জন্য রেসপনডেন্টগণের প্রতি নির্দেশনা দেয়া হয়েছে। সে প্রেক্ষিতে বর্ণিত রিট মামলায় সরকার পক্ষে দ্রুত মামলার জবাব (Affidavit in opposition) দাখিল আবশ্যক।

০৩। সে মতে উক্ত রিট মামলায় সরকার পক্ষে মামলার জবাব (Affidavit in opposition) দাখিলের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে কিনা? হয়ে থাকলে মামলার সর্বশেষ অবস্থা কি? না হয়ে থাকলে দ্রুত মামলার জবাব (Affidavit in opposition) দাখিলক্রমে আগামী ১৯.১২.১৯ খ্রি: এর মধ্যে এ বিভাগকে অবহিত করা প্রয়োজন।

০৪। এমতাবস্থায়, উপরি-উক্ত মতে রিট পিটিশন নং-১০৪৬০/২০১৯ মামলায় সরকার পক্ষে দ্রুত মামলার জবাব (Affidavit in opposition) দাখিলের আইনানুগ ব্যবস্থা গ্রহণক্রমে আগামী ২৫.১২.১৯ খ্রি: এর মধ্যে এ বিভাগকে (গৃহীত ব্যবস্থার তথ্যাদিসহ) অবহিতির (প্রমাণকসহ) জন্য নির্দেশক্রমে মহোদয়কে বিনীত অনুরোধ করা হলো।

(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন: ৪১০৫০১৫৭

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার,
লেভেল-৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব/উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। মাস্টার কপি/অফিস কপি।